# স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০১৬
## সাম্মানিক বাংলা
## সেমেস্টার : ৫ কোর্স : ১ (H-9)
## কবিতা

**সময় : ৩ ঘণ্টা** **পূর্ণমান : ৪০**

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

**১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে**

### একক - ১

১। ‘যযাতি-দেবযানী’ কবিতায় অভিব্যক্ত কবি কামিনী রায়ের সদর্থক জীবনবোধ সম্বন্ধে আলোচনা করো। ১০

২। ‘কচি ডাব’ কবিতায় কবি তাঁর আরাধ্য দেবতার কাছে নিজের জীবনকে ‘নিষ্ফলে সফল’ বলেছেন। কবিতাটি অবলম্বন করে কবির ‘নিষ্ফলতা’ এবং ‘সফলতা’-র বিষয়টি বুঝিয়ে বলো। ১০

৩। প্রত্নযুগের নায়ককে আহ্বান জানিয়ে ‘সব্যসাচী’ কবিতায় কবি কোন্ আশাবাদের কথা শুনিয়েছেন তা নিজের ভাষায় বিবৃত করো। ১০

### একক - ২

৪। জীবনানন্দের ‘হায়, চিল’ কবিতাটি অনুসরণ করে কবির প্রেমচেতনার বিশেষত্বের দিকটির উপর আলোকপাত করো। ১০

৫। প্রেমেন্দ্র মিত্রের ‘দশানন’ কবিতায় মহাকাব্যিক চরিত্রের নবরূপায়ণের সম্ভাব্য তাৎপর্য আলোচনা করো। ১০

৬। বুদ্ধদেব বসুর ‘শীতরাত্রির প্রার্থনা’ কবিতাটি রচনার প্রেক্ষাপটে রয়ে গেছে কবির ব্যক্তিজীবনের বিশেষ একটি সংকট-লগ্নের ইতিবৃত্ত। মন্তব্যটি তথ্যসহ ব্যাখ্যা করো। ১০

### একক - ৩

৭। শক্তি চট্টোপাধ্যায়ের ‘পাবো প্রেম কান পেতে রেখে’ এবং সুনীল গঙ্গোপাধ্যায়ের ‘নীরার জন্য কবিতার ভূমিকা’ অবলম্বনে দুই কবির প্রেমভাবনার তুলনামূলক আলোচনা করো। ১০

৮। ‘যত দূরেই যাই’ এবং ‘আমার কাজ’----দুটি কবিতাতেই কবি সুভাষ মুখোপাধ্যায় নিজেকে শ্রেণিচ্যুত করে লোকায়ত জীবন ও সাধারণ মানুষের সঙ্গ পেতে চেয়েছেন।----- আলোচনা করো। ১০

৯। সংবেদনশীল কবিমনের উদ্বেগ ও উৎকণ্ঠা এবং না-জানা গল্পের অতলান্ত রহস্য ‘বাতাসি’ কবিতায় কীভাবে প্রকাশিত হয়েছে তা আলোচনা করো। ১০

১০। প্রসঙ্গ উল্লেখসহ তাৎপর্য বিশ্লেষণ করো (যে-কোনো **দুটি** ) : ২×৫=১০

(ক) ‘সকলের তরে সকলে আমরা
প্রত্যেকে আমরা পরের তরে।’

(খ) ‘নন্দপুর-চন্দ্র-বিনা-বৃন্দাবন অন্ধকার।’

(গ) ‘সেই মেয়ে সিনেমার বিজ্ঞাপনের ভিড়ে/ডুবে গেলো’

(ঘ) ‘তালিকা প্রস্তুত/কী কী কেড়ে নিতে পারবে না-----’

(ঙ) ‘পরাঙ্মুখ সবুজ নালিঘাস/দুয়ার চেপে ধরে----’

(চ)‘ছবি ও ছন্দে তোমারি দালালি করিছে স্বভাবকবি।’